

# অধিকারের বিবৃতি



Paid Family Leave

পরিবারের কোনো সদস্যের যত্ন নেওয়ার জন্য যদি আপনার কাজ থেকে সাময়িক বিরতির প্রয়োজন হয়, তাহলে আপনি সবেতনে পারিবারিক ছুটির সুবিধা গ্রহণের অধিকারী হতে পারেন।

সবেতন পারিবারিক ছুটি হলো কর্মচারী দ্বারা অর্থায়ন করা বিমা যা নিম্নোক্ত ক্ষেত্রগুলিতে কাজ-সুস্থিত, সবেতন বিরতি প্রদান করে:

- সদ্যোজাত, দত্তক নেওয়া অথবা পালিত সন্তানের সাথে সম্পর্কের মেলবন্ধন গড়ে তুলতে;
- পরিবারে গুরুতর অসুস্থ কোনো সদস্যের যত্ন নেওয়া; অথবা
- যখন জীবনসঙ্গী, ডোমেস্টিক পার্টনার, সন্তান অথবা বাবা কিংবা মা সক্রিয় সাময়িক সেবা প্রদান করতে বিদেশে চলে যান, তখন প্রিয়জনদের সাহায্য করা।

এছাড়া সবেতন পারিবারিক ছুটি এমন ক্ষেত্রেও ব্যবহারের জন্য পাওয়া যেতে পারে যখন আপনি অথবা আপনার নাবালক নির্ভরশীল সন্তানকে COVID-19 এর কারণে আইসোলেশন বা কোয়ারেন্টিনে রাখার নির্দেশ দেওয়া হয়। সম্পূর্ণ বিস্তারিত তথ্যের জন্য [PaidFamilyLeave.ny.gov/COVID19](https://PaidFamilyLeave.ny.gov/COVID19) দেখুন।

## যোগ্য হওয়ার শর্ত:

- একটানা 26 সপ্তাহ কাজের পর সপ্তাহে 20 অথবা অধিক ঘণ্টা সময় ব্যয় করা নিয়মিত কাজের সূচির সাথে যুক্ত কর্মীরা যোগ্য হবেন।
- 175 দিন কাজ করার পর সপ্তাহে 20 ঘণ্টার কম সময় ব্যয় করা নিয়মিত কাজের সূচির সাথে যুক্ত কর্মীরা যোগ্য হবেন।

আপনার যোগ্যতার শর্তে নাগরিকত্ব বা অভিবাসনের অবস্থা কোনো ভূমিকা পালন করে না।

## সুবিধাসমূহ:

2021 সালে আপনি 12 সপ্তাহ পর্যন্ত সবেতন পারিবারিক ছুটি নিতে পারেন এবং আপনার সাপ্তাহিক গড় মজুরির 67% পাবেন, নিউ ইয়র্ক স্টেটে গড় সাপ্তাহিক মজুরির উর্ধ্বসীমার পরিমাণ 67% নির্ধারণ করা হয়েছে। সাধারণত আপনার গড় সাপ্তাহিক মজুরি হলো সবেতন পারিবারিক ছুটি শুরু হওয়ার পূর্বের শেষ আট সপ্তাহের গড়।

## অধিকার এবং সুবক্ষাসমূহ:

- কাজের সুবক্ষা: ছুটি নেওয়ার পর একই অথবা সমতুল্য কাজে ফিরে আসা।
- যখন আপনি ছুটিতে থাকবেন তখন আপনার স্বাস্থ্য বিমার সুবিধা লাভ করা (আপনাকে হয়তো আপনার অংশ অথবা প্রিমিয়ামের খরচ প্রদান অব্যাহত রাখতে হবে, যদি থাকে)।
- সবেতন পারিবারিক ছুটি গ্রহণ অথবা আবেদন করার জন্য আপনার বিরুদ্ধে আপনার নিয়োগকারী বৈষম্যমূলক অথবা প্রতিশোধমূলক পদক্ষেপ গ্রহণ করতে পারেন না।
- সবেতন পারিবারিক ছুটি ব্যবহারের পূর্বে আপনার অসুস্থতার ছুটি অথবা সঞ্চিত ছুটি শেষ করার প্রয়োজন নেই।

## সবেতন পারিবারিক ছুটির আবেদন প্রক্রিয়া:

- যদি অগ্রিম জানা যায় অথবা যত দ্রুত সম্ভব, অন্তত 30 দিন আগে আপনার নিয়োগকারীকে অবহিত করুন।
- সবেতন পারিবারিক ছুটির জন্য আবেদনপত্রটি (ফর্ম PFL-1) পূরণ করুন এবং আপনার নিয়োগকারীর কাছে জমা দিন।
- সুবিধাগুলি যাতে হাতছাড়া না হয় তার জন্য আপনার ছুটি শুরুর 30 দিনের মধ্যে নিম্নোক্ত তালিকাভুক্ত বিমা সংস্থার কাছে প্রয়োজনীয় অনুসারে সম্পূর্ণ এবং অতিরিক্ত ফর্মগুলি সংযুক্ত করুন।
- অধিকাংশ ক্ষেত্রে আপনার সম্পূর্ণ করা আবেদনপত্র গ্রহণের 18 ক্যালেন্ডার দিন অথবা আপনার ছুটির প্রথম দিন, যেটি পরে হবে, তার মধ্যেই বিমা সংস্থাকে অবশ্যই সুবিধাগুলি প্রদান বা প্রত্যাখ্যান করতে হবে।

আপনার নিয়োগকারীর থেকে, নিচে তালিকাভুক্ত তাদের বিমা সংস্থাগুলি অথবা অনলাইনে [PaidFamilyLeave.ny.gov/Forms](https://PaidFamilyLeave.ny.gov/Forms) আপনি সমস্ত ফর্ম সংগ্রহ করতে পারেন।

## বিবাদসমূহ:

আপনার সবেতন পারিবারিক ছুটির আবেদন যদি প্রত্যাখ্যান করা হয়, তাহলে একজন নিরপেক্ষ মধ্যস্থতাকারী দ্বারা এটির পুনর্মূল্যায়ন করার জন্য আপনি আবেদন করতে পারেন। মধ্যস্থতার জন্য অনুরোধের ব্যাপারে নিম্নে তালিকাভুক্ত বিমা সংস্থা আপনাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করবে।

## বৈষম্যের অভিযোগ:

আপনার নিয়োগকারী যদি আপনার নিয়োগ বাতিল করে, আপনার বেতন এবং/অথবা সুবিধাসমূহ হ্রাস করে অথবা সবেতন পারিবারিক ছুটি গ্রহণের আবেদন করার ফলশ্রুতি হিসেবে আপনার বিরুদ্ধে শৃঙ্খলামূলক পদক্ষেপ গ্রহণ করে, তাহলে নিম্নোক্ত পন্থা অবলম্বনের মাধ্যমে আপনি পূর্বের স্থানে বহাল হওয়ার জন্য আবেদন করতে পারেন।

- সবেতন পারিবারিক ছুটি (ফর্ম PFL-DC-119) সম্পর্কিত পুনর্বহালের জন্য আনুষ্ঠানিক অনুরোধ সম্পূর্ণ করুন।
- সম্পূর্ণ করা ফর্মটি আপনার নিয়োগকারীর কাছে এবং সম্পূর্ণ করা ফর্মের একটি প্রতিলিপি নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করুন:  
Paid Family Leave, P.O. Box 9030, Endicott, NY 13761-9030
- আপনার নিয়োগকারী যদি 30 দিনের মধ্যে আপনাকে পুনর্বহাল অথবা অন্যান্য সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ না করেন, তাহলে আপনি সবেতন পারিবারিক ছুটির বৈষম্য/প্রতিশোধের অভিযোগ (ফর্ম PFL-DC-120) ব্যবহার করে কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের কাছে বৈষম্যের একটি অভিযোগ দায়ের করতে পারেন। কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড আপনার মামলাটি একত্রিত করবে এবং একটি শুনানির আয়োজন করবে।
- অন্যান্য স্টেট এবং ফেডারেল আইন রয়েছে যা বৈষম্য থেকে কর্মীদেরকে রক্ষা করে। অতিরিক্ত তথ্য [PaidFamilyLeave.ny.gov](https://PaidFamilyLeave.ny.gov)-তে পাওয়া যাবে।

অতিরিক্ত তথ্য, ফরমসমূহ এবং নরিদশাবলীর জন্য ভিজিট করুন [PaidFamilyLeave.ny.gov](https://PaidFamilyLeave.ny.gov) অথবা PFL হেল্পলাইনে কল করুন (844)-337-6303

এই তথ্য হলো অক্ষমতা এবং সবেতন পারিবারিক ছুটির সুবিধা আইনের 229 ধারা অনুযায়ী আপনার প্রয়োজনীয় অধিকারগুলির একটি সরলীকৃত উপস্থাপন। আপনার নিয়োগকারীর সবেতন পারিবারিক ছুটির সুবিধার বিমা সংস্থা হলো:

কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের প্রধান দ্বারা নির্ধারিত

NYS Paid Family Leave  
PO Box 9030, Endicott NY 13761